

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৫৫৯

২৬/ পোশাক-পরিচ্ছদ (کتاب اللباس)

পরিচ্ছেদঃ ২৬/৩. যেসব পোশাক পরিধান করতে নিষেধ করা হয়েছে

بَابِ مَا نُهِيَ عَنْهُ مِنْ اللِّبَاسِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عَطَاءِ بْنِ يَزِيدَ اللَّيْثِيِّ، عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ، أَنَّ النَّبِيَّ - صلى الله عليه وسلم - نَهَى عَنْ لِبْسَتَيْنِ فَأَمَّا اللِّبْسَتَانِ فَاشْتِمَالُ الصَّمَّاءِ وَالإَحْتِبَاءُ فِي الثَّوْبِ الْوَاحِدِ لَيْسَ عَلَى فَرْجِهِ مِنْهُ شَيْءٌ .

বাংলা

১/৩৫৫৯। আবূ সাঈদ আল-খুদরী (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাপড় পরিধানের দু'টি পদ্ধতি নিষিদ্ধ করেছেন। অতএব সে দু'টি পদ্ধতি হলোঃ (১) এক কাঁধ খোলা রেখে একই চাদর গোটা শরীরে জড়িয়ে নেয়া এবং (২) একই কাপড়ে পেট, উরু ও পায়ের গোছা ঢেকে নিতম্ব মাটিতে ঠেকিয়ে দু' হাঁটু উঁচু করে বসা এবং লজ্জাস্থানে এর কোন অংশ না থাকা।

English

It was narrated from Abu Sa'eed Al-Khudri that the Prophet (ﷺ) forbade two kinds of dress. Those two types of dress are Ishtimalus- Samma'* and Ihtiba' in a single garment, with no part of it upon his private part.

ফুটনোট

সহীহুল বুখারী ৩৬৭, ১৯৯২, ২১৪৭, ৫৮২০, ৫৮২২, ৬২৮৪, নাসায়ী ৫৩৪০, ৫৩৪১, আবূ দাউদ ৩৩৭৭, আহমাদ ১০৬৩৯, ১০৭১০, ১১০২৯, ১১২৩৭, ১১৪৮৯। তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন